

আন্তর্জাতিক নৃত্য দিবস ২০০৯

বাণী

আকরাম খান

আন্তর্জাতিক নৃত্য দিবস, এই বিশেষ দিনটি, উৎসর্গিত হয়েছে এমন এক ভাষার প্রতি, যে-ভাষায় বাঙময় হতে পারেন জগতের সবাই, আমাদের দেহমনে, আমাদের পূর্বপুরুষ ও সন্তানদের মধ্যে প্রোথিত রয়েছে যে-ভাষা।

এই দিবসটি উৎসর্গিত হয়েছে সকল দেবতা, গুরু ও পিতামহের প্রতি, যাঁরা আমাদের শিক্ষা ও প্রেরণা দান করেছেন।

উৎসর্গিত হয়েছে প্রতিটি সঙ্গীত, আবেগ ও মুহূর্তের প্রতি যা আমাদের প্রাণিত করেছে আলোড়িত হতে।

উৎসর্গিত সেই ছোট্ট শিশুর প্রতি যার বাসনা ঘুরবে-ফিরবে তারার মতো এবং সেই মায়ের প্রতি যিনি বলছেন শিশুকে, “হ্যাঁ, তুমি তো সেটা করে চলেছ।”

এই দিবস উৎসর্গিত জাতি-বর্ণ-সংস্কৃতি নির্বিশেষে সকল মানবদেহের প্রতি যা অতীত ঐতিহ্যকে বহন করে নিয়ে যাচ্ছে আজকের কাহিনীতে এবং আগামী দিনের স্বপ্নে।

এই দিবসটি উৎসর্গিত নৃত্যের উদ্দেশে, প্রকাশ, রূপান্তর, ঐক্য ও আনন্দদানে এর অপরিসীম শক্তি ও বহুবিচিত্র কথ্যরূপের প্রতি।